দৈনিক আমাদের সময়

তারিখ: 12 NOV 2016 পৃষ্ঠা: ২ কলাম: ২

# বিএসএমএমইউর এমডি-এমএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক ● বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) মার্চ-২০১৭ শিক্ষাবর্ষের রেসিডেন্সি প্রোগ্রাম এমডি-এমএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ক্যাম্পাসে ও ইডেন মহিলা কলেজে সম্পন্ন হয়েছে এ ভর্তি পরীক্ষা। পরীক্ষা চলাকালীন বিএসএমএমইউর উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান পরীক্ষাকেন্দ্র পরিদর্শন করেন।

বিএসএমএমইউর মেডিসিন, সার্জারি, বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদ এবং ডেন্টাল অনুষদের মোট আসন সংখ্যা এক হাজার ৫২টি। এর মধ্যে মেডিসিন অনুষদের ৪৫২ আসনের বিপরীতে চার হাজার ২৪০ জন, সার্জারি অনুষদের ৪৩৫ আসনের বিপরীতে তিন হাজার ৯৮৮, বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদের ১১৯ আসনের বিপরীতে ৯৩৪ এবং ডেন্টাল অনুষদের ৪৬ আসনের বিপরীতে ৪২৬ জনসহ ৯ হাজার ৫৮৮ পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিতে আবেদন করেন। এবং গতকালের পরীক্ষায় ৯ হাজারের বেশি পরীক্ষার্থী অংশ নেন। ভর্তি পরীক্ষার ফল বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও www.bsmmu.edu.bd ওয়েবসাইটের মাধ্যমে পরীক্ষার্থীরা জানতে পারবেন।